

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পানি সম্পদ মন্ত্রণালয়

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

www.warpo.gov.bd



পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)'র সেবা প্রদান প্রতিশুভি হালনাগাদকরণ এবং ২০২১ সালের ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরনী।

স্মারক নং- ৪২.০২.০০০০.০০৩.১৮.০২৪.১৯-৯১/১

তারিখঃ ২৮-০১-২০২১ ইং

বিগত ২৭/০১/২১ তারিখে বৃহস্পতিবার সকাল ১২.৩০ ঘটিকায় ওয়ারপোর পরিচালক (পরিকল্পনা) এর সভাপতিত্বে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)'র নাগরিক সেবা প্রদান প্রতিশুভি হালনাগাদকরণ এবং ২০২১ সালের ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে উপস্থিত সকল সদস্য কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয় এবং সভায় উপস্থিত সকল সদস্য আলোচনায় অংশগ্রহণ করেন। সিটিজেন চার্টার সেবা আরও সহজীকরণের উদ্দেশ্যে হালনাগাদকরণ সংক্রান্ত বিস্তারিত আলোচনা শেষে কিছু হালনাগাদকৃত তথ্য সরিবেশিত হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিগত সভার অগ্রগতিঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন ও অগ্রগতি
১।	পানি সম্পদ খাতে সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান হতে আগত প্রকল্পের প্রস্তাব সমূহের ছাড়পত্র প্রদান এর কাজ অধিকরণ সহজ ও গতিশীল করার লক্ষ্যে অনলাইন প্রক্রিয়া গ্রহণ।	অনলাইন টুলস তৈরীর কাজ সম্পন্ন হয়েছে। ছাড়পত্র প্রদান সহজ ও গতিশীল করার লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণ প্রশিক্ষন চলছে।

চলতি সভার সিদ্ধান্তঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১।	ওয়ারপো'র নাগরিক সেবা সহজীকরণের লক্ষ্যে সেবা প্রদান প্রতিশুভি'র নাগরিক সেবা নং ২ “উচ্চ শিক্ষা, গবেষণা ও দাপ্তরিক কাজে লাইব্রেরী ব্যবহারের সুবিধা প্রদান” এ সরকারের “একসেবা” এ্যাপ থেকে অনলাইন ফরম এর লিঙ্ক যুক্ত করতে হবে।	এসএসও (প্রোগ্রামার), কম্পিউটার ও তথ্য শাখা, কাজটি সম্পন্ন করে ওয়ারপো ওয়েব সাইটে আপডেট করবেন।
২।	নাগরিক সেবা সহজীকরণের লক্ষ্যে আভ্যন্তরীন সেবা নং ৬,৭,৮,৯ এবং ১০ এর সেবা প্রদান এর জন্য নির্ধারিত কার্যদিবস কমিয়ে আনতে কিছু যৌক্তিক পরিবর্তন আনতে হবে।	এসএসও (প্রোগ্রামার), কম্পিউটার ও তথ্য শাখা, কাজটি সম্পন্ন করে ওয়ারপো ওয়েব সাইটে আপডেট করবেন।

উপরোক্ত আলোচনা এবং সিদ্ধান্ত শেষে সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করা হয়।

Alfiqbal 28/01/2021

(মোহাম্মদ আলমগীর হোসেন)

পরিচালক (পরিকল্পনা), ওয়ারপো ও আহবায়ক
সিটিজেন চার্টার পরিবীক্ষন কমিটি

স্মারক নং- ৪২.০২.০০০০.০০৩.১৮.০২৪.১৯-৯১/১

তারিখঃ ২৮-০১-২০২১

অনুলিপিঃ

- ১। সচিব, ওয়ারপো এবং সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, ওয়ারপো, ঢাকা।
- ২। উপসচিব, ওয়ারপো ও সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, ওয়ারপো, ঢাকা।
- ৩। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রোগ্রামার), ওয়ারপো ও সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, ওয়ারপো, ঢাকা।
- ৪। লাইব্রেরীয়ান ও তথ্য প্রদানকারী কর্মকর্তা, ওয়ারপো ও সদস্য-সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, ওয়ারপো, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ওয়ারপো, ঢাকা। [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]

Alfiqbal 28/01/2021

(নোজমুন নাহার চৌধুরী)

লাইব্রেরীয়ান ও তথ্য প্রদানকারী কর্মকর্তা, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি